



# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০১০৮০, ৫৫০৩০০৮৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০১১৩, হটলাইন: ১৬১১৯  
Fax: 88-02-5530092, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন  
টেকসই শিল্পায়ন।

স্মারক নং- ৩৬.০৫.০০০০.০০৩.৪৫.৩৯২.২১/৪৪৯৬(২)

তারিখ: ০৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
২০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রাপক,

স্বত্বাধিকারী

চায়না হোটেল সাপ্লাই

৩১, বীর উত্তম সিমার দত্ত রোড

১৪/২ পরিবাগ (৩য় তলা), শাহবাগ

ঢাকা।

**বিষয়: আমদানিকৃত পণ্যের অনুকূলে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও আপনার গত ১৩-১০-২০২২ খ্রিঃ তারিখের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'হাউজহোল্ড রেফ্রিজারেটর/ফ্রিজার' পণ্যটি বিএসটিআই'র বাধ্যতামূলক ২২৯ টি পণ্যের আওতাভুক্ত। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর আওতাভুক্ত হওয়ায় উক্ত পণ্য বিক্রি-বিতরণের উদ্দেশ্যে আমদানি করা হলে কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আপনার প্রতিষ্ঠান কর্তৃক বিল অব এন্ট্রি নং- সি ৩০৬৮৮, তারিখ: ০২/১০/২০২২ খ্রিঃ এর মাধ্যমে 'Mini Fridge' ঘোষণায় আমদানিকৃত সেমিকন্ডাক্টর মিনি রেফ্রিজারেটর এর টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী পণ্যটিতে কোনরূপ রেফ্রিজারেট ব্যবহার করা হয়নি এবং পণ্যের ম্যানুয়ালে কুলিং পারফরমেন্স এ টেম্পারেচার রেঞ্জ ৬.৬-১৫ ডিগ্রি সেন্টিগ্রেড উল্লেখ রয়েছে; যা হাউজহোল্ড রেফ্রিজারেটর/ফ্রিজার এর বাংলাদেশ মান বিডিএস ১৮৪৯:২০১২ এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

এমতাবস্থায়, বর্ণিত চালানে আমদানিকৃত 'Mini Fridge' বিএসটিআই'র বাধ্যতামূলক ২২৯ টি পণ্য এবং আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এ বর্ণিত 'হাউজহোল্ড রেফ্রিজারেটর/ফ্রিজার' (বিডিএস ১৮৪৯:২০১২) এর আওতাভুক্ত নয় বিধায় উক্ত পণ্যটির অনুকূলে ছাড়পত্র গ্রহণের কোন প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত,



(মোঃ নূরুল আমিন)

পরিচালক (সিএম)

টেলিফোন: ৫৫০৩০১১৩।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।

২। পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
জারি

০১ ✓

০১